

কুবিতে র‍্যাগিংয়ের ঘটনায় ১২ শিক্ষার্থী বহিষ্কার

কুবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) র‍্যাগিংয়ের ঘটনায় মার্কেটিং বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সাত জন এবং নৃবিজ্ঞান বিভাগের একই শিক্ষাবর্ষের পাঁচজন শিক্ষার্থীকে এক সেমিস্টারের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ছাড়া বহিষ্কৃতরা আজীবন হলে অবস্থান করতে পারবেন না বলে সিদ্ধান্ত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের অভিযোগের ভিত্তিতে আমরা তদন্ত কমিটি গঠন করেছিলাম। তদন্ত কমিটি অভিযোগের বিষয়টির সত্যতা পেয়েছে।

তাই বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মার্কেটিং বিভাগের ৭ জন এবং নৃবিজ্ঞান বিভাগের ৫ জনসহ মোট ১২ জন

শিক্ষার্থীকে এক সেমিস্টারের জন্য বহিষ্কার করা হয়েছে।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও শৃঙ্খলা কমিটির সদস্যসচিব অধ্যাপক ড. মো. আবদুল হাকিম বলেন, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ১২ জন শিক্ষার্থীকে এক সেমিস্টার জন্য বহিষ্কারের সুপারিশ করা হয়েছে। পাশাপাশি তারা আজীবন হলে থাকতে পারবেন না।

তিনি আরো বলেন, ‘অভিযুক্তদের অভিভাবকের মুচলেকা দিয়ে তাদের ক্লাস শুরু করতে হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন র‍্যাগিংয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স রাখবে।’

প্রসঙ্গত, গত ২ জুলাই মার্কেটিং বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিরুদ্ধে এবং ৬ জুলাই নৃবিজ্ঞান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিরুদ্ধে প্রক্টরিয়াল বডি বরাবর অভিযোগ করা হয়েছিল।